# NYC তে যদি আপনি অর্থ প্রদত্ত সেবা কর্মী হন, তাহলে এখন আপনার কর্মস্থলের প্রশ্নাবলী ও অভিযোগের জন্য নিবেদিত সিটি তথ্য সম্ভার রয়েছে: ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যাফেয়ার্স (DCA) লেবার পলিসি অ্যান্ড স্ট্যান্ডার্ড অফিস এর অধীনে পেইড কেয়ার বিভাগ।

পয়সার বিনিময়ে সেবা কর্মীদের মধ্যে রয়েছে হোম কেয়ার এবং গৃহকর্মী যেমন বাড়িতে দেওয়া স্বাস্থ্য সহায়তাকারী, ব্যক্তিগত যত্ন সহযোগীগণ। বাড়ির পরিচারক, আয়া, পরিচর্যাকারী, এবং ঘর পরিষ্কারকারী।

DCA এই সংক্ষিপ্ত সৃষ্টি করেছে গুরুত্বপূর্ণ অধিকার ও তথ্য সম্ভারগুলি সম্পর্কে আপনার জানতে সাহায্য করতে।

আরো তথ্যের জন্য, **311** নম্বরে কল করে “Paid Care” -এ দিতে বলুন অথবা **nyc.gov/dca** দেখুন

## আপনার অধিকারসমূহ

**আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনার অধিকার আছে।**

### নূন্যতম মজুরি

যদি আপনি কোনো ব্যক্তিগত পরিবারের বা ব্যক্তির জন্য একচেটিয়াভাবে কাজ করেন অথবা যদি আপনার নিয়োগকর্তার 10 বা তার কম কর্মচারী থাকে, নূন্যতম মজুরি হল $10.50 প্রতি ঘন্টা।

একটি হোম কেয়ার সংস্থা সহ আপনার নিয়োগকর্তার 11 বা তার বেশি কর্মচারী থাকে, নূন্যতম মজুরি হল $11.00 প্রতি ঘন্টা।

আপনার নির্য়োগকর্তা প্রয়োজনীয় মজুরির চেয়ে বেশি অর্থ প্রদান করতে পারেন।

*আরো তথ্যের জন্য বা মজুরি-সম্পর্কিত অভিযোগ দায়ের করতে, নিউইয়র্কের শ্রম দপ্তর এর ওয়েবসাইট labor.ny.gov দেখুন অথবা 1-888-4-NYSDOL (1-888-469-7365) নম্বরে ফোন করুন।*

*আপনি কি একজন Medicaid গ্রহণকারীকে হোম কেয়ার পরিষেবা প্রদানকারী একজন কর্মী? যদি তাই হয়, আপনি নিউ ইয়র্ক স্টেটের ওয়েজ প্যারিটি আইন দ্বারা আবৃত হতে পারে। আরো তথ্যের জন্য, 311 নম্বরে কল করে “Paid Care” -এ দিতে বলুন।*

### কাজ করা ঘন্টার জন্য অর্থ প্রদান

আপনার নির্ধারিত সিফটের আগে এবং/অথবা পরে করা কাজ এবং কর্ম দিবসে কালে অতিবাহিত করা ভ্রমণ করা সময় সহ আপনার প্রতিটি ঘন্টা কাজের জন্য আপনাকে অর্থ প্রদান করতে হবে। *আরো তথ্যের জন্য, 311 নম্বরে কল করে “Paid Care” -এ দিতে বলুন অথবা nyc.gov/dca দেখুন।*

### ওভারটাইম

যদি আপনি কোনো সপ্তাহে 40 ঘন্টার বেশি কাজ করেন, আপনার নির্য়োগকারীকে ওভারটাইমের ঘন্টার জন্য আপনার নিয়মিত হারের নূন্যতম 1.5 গুণ অর্থ প্রদান করতে হবে।

যদি আপনি একজন গৃহকর্মী হন যিনি আপনার নিয়োগকারীর বাড়িতে বসবাস করেন, আপনার নিয়োগকারীকে অবশ্যই আপনার একটি সপ্তাহে 44 ঘন্টা কাজের পরে ওভারটাইম প্রদান করতে হবে।

### অর্থ প্রদান করা অসুস্থতাজনিত ছুটি

যদি আপনি NYC তে বছরে 80 ঘন্টার বেশি কাজ করেন, তবে আপনি প্রতি বছরে 40 ঘন্টা পর্যন্ত আপনার জন্য, আপনার সন্তানের, বা পরিবারের অন্য সদস্যদের জন্য অসুস্থতাজনিত ছুটি পেতে পারেন। যদি আপনি একজন গৃহকর্মী হন, চাকুরীর এক বছর পর, আপনার গৃহকর্মীর নিয়োগকারীকে অবশ্যই দু'দিনের অর্থ প্রদান করা অসুস্থতাজনিত ছুটি দিতে হবে তৎসহ নিউ ইয়র্ক স্টেট শ্রম আইনের অধীনে তিন দিনের অর্থ প্রদান করা অসুস্থতাজনিত ছুটি দিতে হবে। অসুস্থতাজনিত ছুটির অনুরোধ করা বা ব্যবহার করার জন্য নিয়োগকারীর আপনার বিরুদ্ধে প্রতিহিংসা চরিতার্থ করা অবৈধ। *আরো তথ্যের জন্য বা একটি অভিযোগ দায়ের করার জন্য, nyc.gov/PaidSickLeave দেখুন অথবা 311 নম্বরে যোগাযোগ করুন।*

### বৈষম্যহীন কর্মক্ষেত্রে

NYC মানবাধিকার আইন চার বা তার বেশি কমচারী সহ নিয়োগকারীদের উপর প্রযোজ্য। এটা জাতীয় উৎপত্তি, জাতি, ধর্ম / ধর্মমত, লিঙ্গ, এবং লিঙ্গ পরিচয় সহ বিভিন্ন সংরক্ষিত শ্রেণীগুলিকে আবৃত করে, এবং কোনো সিদ্ধান্তে বৈষম্য নিষিদ্ধ করে যা চাকুরির নিয়ম ও শর্তাবলীকে প্রভাবিত করে। *যদি আপনি বৈষম্য অনুভব করেন বা সাক্ষী হন, মানবাধিকার ইনফোলাইনে 311 নম্বরে ফোন করুন।*

নিউইয়র্ক স্টেট মানবাধিকার আইন আরও নিয়োগকর্তার মাপ নির্বিশেষে, জাতি, ধর্ম, বা জাতীয় উৎপত্তির ভিত্তিতে যৌন হয়রানি এবং হয়রানি থেকে গৃহকর্মীদের সুরক্ষা করে। *মানবাধিকার বিভাগ এর সাথে 1-888-392-3644নম্বরে যোগাযোগ করুন।*

### চাকুরি অনুসন্ধানকারী সুরক্ষা

DCA কর্মসংস্থান সংস্থাগুলিকে লাইসেন্স দেয় যারা অবশ্যই ফি এবং ফেরত, চুক্তি এবং রসিদ, এবং আরো অনেক কিছু, সম্পর্কিত আইনকে মেনে চলে। *nyc.gov/dca -তে জব হান্টার'স বিল অফ রাইট পান অথবা কোন কর্মসংস্থান সংস্থার বিরুদ্ধে অভিযোগ জানাতে 311 নম্বরে যোগাযোগ করুন।*

### নিরাপদ ও সুস্থ কর্মস্থল

আপনার কর্মস্থলকে অবশ্যই জানা স্বাস্থ্য ও নিরাপত্তার বিপদমুক্ত হতে হবে। এছাড়াও আপনার অধিকার রয়েছে কাজের বিপদ সম্পর্কে তথ্য পাবার অধিকার রয়েছে। *ফাইল করতে OSHA.gov দেখুন বা 1-800-321-OSHA (1-800-321-6742) দেখুন।*

আপনি আপনার বেতনের কিছু অংশ এবং আপনি অসুস্থ হলে চিকিৎসার কভারের জন্য যোগ্য ক্ষতিপূরণ পেতে পারেন যদি কোন কর্মরত অবস্থায় আঘাত লাগে, এটা কোন ব্যাপার নয় তার জন্য কে দায়ী। *আরো তথ্যের জন্য wcb.ny.gov দেখুন অথবা 1-877-632-4996 নম্বরে ফোন করুন।*

## পেইড কেয়ার ডিভিশন

### বেতনপ্রাপ্ত সেবা কর্মীদের অধিকার রক্ষার জন্য, পেইড কেয়ারের মান উন্নয়ন, এবং পেইড কেয়ার ব্যবস্থাকে আরও শক্তিশালী করার জন্য নিবেদিত।

আমরা NYC-এর বেতনপ্রাপ্ত সেবা কর্মীদের সহায়তা করি যে মাধ্যমে :

- কর্মীদেরকে তাদের অধিকার এবং সিটির সম্পদের প্রাপ্যতা সম্পর্কে অবহিত করতে **জন প্রসার ও শিক্ষা**।
- **স্থানীয়, রাষ্ট্রীয়, এবং যুক্তরাষ্ট্রীয় মাত্রায় উল্লেখিত** কর্মক্ষেত্রে আইন লঙ্ঘনের মোকাবেলার জন্য বলবৎকরণও অভিযোগ গ্রহণ।
- কর্মীর জনমিতির উপর, কর্মপরিবেশ ও শিল্পের মান, কর্মক্ষেত্রের আইনগুলির সাথে নিয়োগকর্তার সম্মতি, এবং শ্রমিক সমবায়ের কার্যকারিতার উপর **গবেষণা ও নীতি উন্নয়ন।**

NYC Consumer Affairs

*সমৃদ্ধিশালী সম্প্রদায় তৈরি করতে নিউইয়র্কবাসীদেরকে NYC উপভোক্তা বিষয়ক দপ্তর সুরক্ষা দেয় ও দৈনিক আর্থিক অবস্থার উন্নতি করে। আমাদের শ্রম নীতি ও মানক অফিসের কাজের মাধ্যমে, DCA কমরত পরিবারদের আর্থিক স্বাস্থ্য এবং কর্ম জীবনের ভারসাম্য অর্জন করতে প্রয়োজনীয় সরঞ্জাম এবং সম্পদ প্রদানের মাধ্যমে ক্ষমতা দেয়।*

Printed on 30% post consumer recycled paper

04/2017



## সংস্থানগুলি

### অভিবাসন সহায়তা

ActionNYC আপনার কমিউনিটিতে নিরাপদ, বিনামূল্যে অভিবাসন আইনি পরামর্শ আপনার নিজের ভাষায় প্রদান করে। *nyc.gov/actionnyc দেখুন অথবা 311 নম্বরে কলে করে "ActionNYC" বলুন।*

### ইংরেজী ক্লাস

NYC যুব ও সম্প্রদায় বিকাশের বিভাগ এর ইংরেজি ভাষার প্রোগ্রামটি নতুন নিউ ইয়র্কবাসীদের ইংরাজী শিখতে সাহায্য করার জন্য পরিকল্পিত। *আরো তথ্যের জন্য nyc.gov/dycd এ যান।*

### কম খরচে স্বাস্থ্য বীমা

NYC মানব সম্পদ প্রশাসন আপনাকে আপনার চাহিদা এবং বাজেট পূরণ করে এমন স্বাস্থ্য বীমা এবং কেয়ার খুঁজে পেতে সাহায্য করতে পারে। *311 ফোন করুন nyc.gov/health দেখুন বিনামূল্যে ব্যক্তি সাহায্যের জন্য একটি স্বাস্থ্য বিভাগের সার্টিফাইড অ্যাপ্লিকেশন কাউন্সেলর খোঁজার জন্য অথবা স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইট nystateofhealth.ny.gov দেখুন।*

### জনসাধারণের উপকারিতা

ACCESS NYC একটি বিনামূল্যে সেবা যা আপনাকে 30 টিরও বেশি শহর, রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় বেনিফিট প্রোগ্রাম খুঁজে বের করতে সাহায্য করে যদি আপনি তার জন্য যোগ্যতা অর্জন করতে পারেন। আপনি ACCESS NYC-এর মাধ্যমে নির্দিষ্ট প্রোগ্রামের জন্য অনলাইনে আবেদন করতে পারেন। *ACCESS NYC তথ্যের জন্য nyc.gov/accessnyc দেখুন বা 311 নম্বরে যোগাযোগ করুন।*

### বিনামূল্যে আর্থিক কাউন্সেলিং

NYC ফিনান্সিয়াল সেন্টারগুলি বিনামূল্যে প্রত্যেকের জন্য পৃথকভাবে পেশাদার আর্থিক পরামর্শ দেয়। পরিষেবাটি গোপনীয়, এবং আমাদের পেশাদার কাউন্সিলাররা একাধিক ভাষায় কথা বলে। *অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করার জন্য 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/dca দেখুন।*

### বিনামূল্যে আয়কর প্রস্তুতি

NYC-এর বিনামূল্যে আয়কর প্রস্তুতি পরিষেবা পাওয়ার জন্য যোগ্যতা অর্জন করতে হবে, যার মধ্যে রয়েছে অনলাইন ফাইলিং এবং একটি IRS প্রত্যয়িত VITA/TCE স্বেচ্ছাসেবক প্রিপারারের সঙ্গে ব্যক্তিবিশেষে ফাইলিং। *আরো তথ্যের জন্য 311-এ ফোন করুন অথবা nyc.gov/taxprep এ দেখুন।*

### শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচী

সিটি কর্মপ্রার্থীদের জন্য বিনামূল্যে সহায়তা প্রদান করে। *nyc.gov/workforce1 গিয়ে বা 311-এ যোগাযোগ করে একটি ওয়াকফোর্স1 ক্যারিয়ার সেন্টার (Workforce1 Career Center) খুঁজে পেতে জিজ্ঞাসা করুন।*

# স্বাস্থ্য সেবা কর্মীদের জন্য NYC কেয়ার করে

## অধিকার এবং তথ্য সম্ভারের একটি সংক্ষিপ্ত চিত্র

বাংলা | Bengali

NYC Office of the Mayor

Consumer Affairs

Lorelei Salas
Commissioner